ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক সংবাদপত্র




# নিউজ সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে





Digital Media Act No. : DM /34/2021 ● Prgi Application Process No. : T/WB/2024/0617/6991/1130 ● Govt. of India Reg No. : WB18D0018520 (UAN) ● ISBN No. : 978-93-5918-830-0 ● Website : https://epaper.newssaradin.live/

● বর্ষ ঃ ৫ ● সংখ্যা ঃ ০৫১ ● কলকাতা ● ০৯ ফাল্গুন, ১৪৩১ ● শনিবার ● ২২ ফেব্রুয়ারী ২০২৫ ● পৃষ্ঠা - ৮ ● মূল্য - ৫ টাকা

## শাহজাহানের জীবনে ঘোর 'দুঃসংবাদ'!



স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন

সন্দেশখালির 'বেতাজ বাদশা' ছিলেন তিনি। বিগত প্রায় এক বছর ধরে জেলের চার দেওয়ালের মধ্যে দিন কাটছে শেখ শাহজাহানের । সম্প্রতি জামিন পেতে কলকাতা হাইকোর্টের ডিভিশন বেঞ্চের দ্বারস্থ হন তিনি। আগামী সোমবার সেই মামলার শুনানি হওয়ার সম্ভাবনা রয়েছে।উল্লেখ্য,অনুব্রত মণ্ডল, কুন্তল ঘোষ

এরপর ৩ পৃষ্ঠায়


## 'খুন-আত্মহত্যা করতেই পারে না', ট্যাংরাকাণ্ডে দাবি দে পরিবারের ঝাড়ুদারের



স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন

ট্যাংরাকাণ্ডে দে পরিবারের তিন মহিলা সদস্যের মৃত্যুতে ক্রমেই বাড়ছে রহস্য।বাড়ির মহিলা সদস্যদের রক্তাক্ত দেহ পড়েছিল তিন তলার ঘরের মেঝেতে। এবার হাড়হিম তথ্য দিলেন ট্যাংরা থানা এলাকারই বাসিন্দা তথা দে বাড়ির পুরনো পরিচারক বাবলা। শুক্রবার (২১ ফেব্রুয়ারি)নিজের বাড়ির অদূরে দাঁড়িয়ে বলেন, অত্যন্ত ভালো লোক তাঁরা।ট্যাংরায় দে বাড়ির মৃত্যু রহস্য ক্রমশ ঘনীভূত হচ্ছে। দে বাড়ির ৩ মহিলা সদস্যের রক্তাক্ত দেহ ঘরের মেঝেতে পাওয়া যায়। অন্যদিকে বাড়ির তিন পুরুষ সদস্য গাড়ি দুর্ঘটনায় আহত হয়ে হাসপাতালে চিকিৎসাধীন। কিন্তু গোটা ঘটনাই যেন এখনও রহস্য। এখও পর্যন্ত তদন্তে জট কাটে নি। মহিলারা কি আত্মঘাতী হয়েছেন? নাকি খুন? আর এই দুর্ঘটনাও কি ইচ্ছাকৃত ? নানান প্রশ্ন উঠতে শুরু করেছে।একেবারে সোনার পরিবার। ভাইয়ে ভাইয়ে খুব মিল। একেবারে বন্ধুর মতো। কিন্তু সেই পরিবার আত্মহত্যা

এরপর ৩ পাতায়






# স্ত্রীকে নির্যাতন করে খুনের অভিযোগে অভিযুক্ত স্বামীকে যাবজ্জীবন সাজা ঘোষণা করল ঝাড়গ্রাম জেলা আদালত

**অরূপ ঘোষ, ঝাড়গ্রাম**

স্ত্রীকে শারীরিকভাবে নির্যাতন করে খুন করার অভিযোগে অভিযুক্ত স্বামীকে যাবজ্জীবন সাজা ঘোষণা করল ঝাড়গ্রাম জেলা আদালত। ২০২১ সালের ২৭ সেপ্টেম্বর নয়াগ্রাম থানার গোখুরপাল গ্রামে অভিযুক্ত রাজু মাহাতো ওরফে ঝাপু তার স্ত্রী সুরুচি মাহাতো কে ব্যাপক মারধর করে গলায় নাইলনের দড়ি পেঁচিয়ে হত্যা করে। এই ঘটনার পর ওই দিনই নয়াগ্রাম থানায় অভিযোগ দায়ের করেন মৃতার বাবা অভিলাষ মোহন্ত। অভিযোগ পাওয়ার পরেই নয়াগ্রাম থানার পুলিশ অভিযুক্ত রাজু মাহাতো কে ওই দিনই গ্রেফতার করে । মামলা চলাকালীন 2022 সালের ১১ ই নভেম্বর চার্জ গঠন করা হয়। এই ঘটনায় ১২ জন সাক্ষীর সাক্ষ্য নেওয়া হয়। অভিযোগের তদন্তকারী অফিসার ছিলেন নয়াগ্রাম থানার এস.আই সমীর কুমার দাস।শুক্রবার ঝাড়গ্রাম জেলা আদালতে অভিযুক্তকে বধূ নির্যাতনের ঘটনায় দু বছরের সশ্রম কারাদণ্ড এবং ২০০০ টাকা জরিমানা অনাদায় তিন মাসের সশ্রম কারাদণ্ডের নির্দেশ দেন। পাশাপাশি খুনের ঘটনায় যাবজ্জীবন সাজা ঘোষণার পাশাপাশি ৫০০০ টাকা জরিমানা অনাদায় আরো ছয় মাসের জেল হেফাজতের নির্দেশ দিন ঝাড়গ্রাম জেলা আদালতের বিচারক কল্লোল চট্টোপাধ্যায়।

# হোয়াটসঅ্যাপে প্রতারণার ফাঁদ!

**বেবি চক্রবর্তী: কলকাতা :**

লগ্নির নামে কোটি টাকার প্রতারণা! অভিযোগ পেয়ে দত্তপুকুর থানার নন্দনপল্লি থেকে এক ব্যক্তিকে তাঁর বাড়ি থেকে গ্রেপ্তার করল কলকাতা পুলিশের সাইবার সেল। ধৃতের ব্যাঙ্ক অ্যাকাউন্টে বিপুল টাকার লেনদেনের তথ্য পেয়েই গ্রেপ্তার করা হয়েছে। ঘটনায় আরও কেউ জড়িত কি না, খতিয়ে দেখছেন তদন্তকারীরা।পুলিশ সূত্রে জানা গিয়েছে, ধৃত ব্যক্তির নাম রাজদীপ সিনহা। তিনি দত্তপুকুর থানা এলাকার বাসিন্দা। গতবছর হামিদ আনসারি নামের এক ব্যক্তি পুলিশে অভিযোগ জানান। হোয়াটসঅ্যাপের মাধ্যমে অভিযুক্তের সঙ্গে তাঁর যোগাযোগ হয়। অভিযুক্ত ব্যক্তি তাঁকে একটি গ্রুপে যুক্ত করেন। অভিযুক্ত সেখানে আরবিআইয়ের কিছু ভুয়ো নথি দেখিয়ে হামিদকে মোট প্রায় ১ কোটি ১২ লক্ষ ৪৪ হাজার টাকা দিতে প্ররোচিত করে। এই অভিযোগ পাওয়ার পরই তদন্তে নামে পুলিশ। সেখানে তদন্তকারীরা জানতে পারেন, প্রতারিত ব্যক্তি একবার ১৪ লক্ষ ৩২ হাজার টাকা

# ঝটিকা সফরে রাজ্যে অজিত দোভাল, গোয়েন্দাদের কড়া সতর্কতা জারি



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

বাংলায় অজিত দোভাল। দু'দিনের ঝটিকা সফরে রাজ্যে জাতীয় নিরাপত্তা উপদেষ্টা অজিত দোভাল । চুপিসারে একাধিক গোয়েন্দা আধিকারিকের সঙ্গে বৈঠক সেরেছেন তিনি। হঠাৎ কেন এই উচ্চপর্যায়ের বৈঠক? এই নিয়ে প্রশ্ন সামনে আসতে শুরু করেছে। গত বছরের শেষ থেকেই যেভাবে সীমান্তে অশান্তি বেড়েছে, বাংলাদেশি অনুপ্রবেশের একের পর এক ঘটনা সামনে আসছে সেই পরিস্থিতিতে দাঁড়িয়ে দোভালের এই বঙ্গ সফর অত্যন্ত তাৎপর্যপূর্ণ, বলছে ওয়াকিবহাল মহল।উত্তপ্ত পরিস্থিতির মধ্যেই বেশ কয়েকজন জঙ্গিকেও আটক

এরপর ৪ পাতায়

# ব্যাগিং ঠেকাতে যাদবপুরে নতুন ব্যবস্থা - ক্ষুব্ধ পড়ুয়ারা

**বেবি চক্রবর্তী : কলকাতা**




'ব্যাগিং' এই মুহূর্তে একটা জাতীয় রোগ হয়ে দাঁড়িয়েছে। আর যাদবপুর বিশ্ববিদ্যালয় আছে এর প্রথম সারিতে। এবার কর্তৃপক্ষ কড়া পদক্ষেপ শুরু করেছে। প্রাক্তন পড়ুয়ারা বলেন, যাদবপুর বিশ্ববিদ্যালয় মুক্তমনা। কিন্তু সেই বিশ্ববিদ্যালয়কেই নিয়মের ঘেরাটোপে বাঁধছে কর্তৃপক্ষ, তাই সুর চড়িয়ে প্রতিবাদে নামল প্রথম বর্ষের পড়ুয়ারা। বিশ্ববিদ্যালয়ের অন্দরে নাকি রাতের দিকে অবাধে যাতায়াত কমছে, এমনটাই দাবি তাদের। সেই অভিযোগের ভিত্তিতেই প্রতিবাদে নেমে বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের অফিসে ঝুলিয়ে দেওয়া হল তালা। রাত ১১টার পর বন্ধ হয়ে যায় হস্টেলের দরজা। এক হস্টেল থেকে অন্য হস্টেলে কোনও দরকারি কাজেও যাওয়া যায় না। তাতেই আপত্তি একাংশের পড়ুয়ার।গত কয়েক বছরে যাদবপুর বিশ্ববিদ্যালয়ের এই হস্টেলগুলি একাংশের মানুষের কাছে যে আতঙ্ক হয়ে গিয়েছে, সেই নিয়ে কোনও সন্দেহ নেই। মূলত, ব্যাগিংয়ের জেরে ঘটা বেশ কয়েকটি পড়ুয়া মৃত্যু ঘটনার পরই ছড়িয়েছে এই আতঙ্ক। প্রথম বর্ষের পড়ুয়াদের মধ্যেই বেড়েছে ভয়। আর সেই ভয়কে কাটাতেই 'মুক্তমনা' যাদবপুর বিশ্ববিদ্যালয়ে একাধিক পরিবর্তন এনেছে কর্তৃপক্ষ। জারি হয়েছে বেশ কিছু নিয়ম। যার মধ্যে এই রাত ১১টার পর অবাধে প্রবেশ বন্ধ অন্যতম। আর তাতেই ক্ষেপে গিয়েছে একাংশের পড়ুয়ারা। প্রসঙ্গত, বহু সংঘাতপূর্ণ পথ অতিক্রম করে গত বছরই নতুন উপাচার্য পেয়েছে যাদবপুর বিশ্ববিদ্যালয়।






(১ম পাতার পর)

# শাহজাহানের জীবনে ঘোর 'দুঃসংবাদ'!

থেকে শুরু করে মানিক ভট্টাচার্য, জীবনকৃষ্ণ সাহা, গত বছর কেন্দ্রীয় এজেন্সির হাত থেকে জামিন পেয়েছেন তৃণমূল কংগ্রেসের একাধিক নেতা। এদিকে বছর খানেক ধরে জেলবন্দি সন্দেশখালির শাহজাহান । এখনও কেন জামিন পাচ্ছেন না? এই কারণে সম্প্রতি নিজের আইনজীবী বদল করেন তিনি। ইতিমধ্যেই হাইকোর্টের ডিভিশন বেঞ্চের দ্বারস্থও হয়েছেন। সেই আবহেই পুরনো মামলায় নাম জড়াল শাহজাহানের।

তার মাঝেই সামনে আসছে বড় খবর!

গত বছরের শুরুতেই সংবাদের শিরোনামে উঠে এসেছিলেন শেখ শাহজাহান। রেশন দুর্নীতি কাণ্ডের তদন্তে তাঁর বাড়িতে গিয়ে হামলার মুখে পড়েন ইডি আধিকারিকরা। এরপর থেকে প্রায় দু'মাস গা ঢাকা দিয়ে ছিলেন তিনি। এদিকে শাহজাহানের বিরুদ্ধে পথে নেমে প্রতিবাদ শুরু করেন সন্দেশখালির (Sandeshkhali) মহিলাদের একাংশ। নারী নির্যাতন থেকে শুরু করে জমি দখল, একাধিক অভিযোগ প্রকাশ্যে আসে।

দীর্ঘ টালবাহানা শেষে গত বছরের ফেব্রুয়ারি মাসে কলকাতা পুলিশের হাতে গ্রেফতার হন শাহজাহান । পরবর্তীতে এই মামলার তদন্তভার গ্রহণ করে সিবিআই। আদালতের নির্দেশ মতো শাহজাহানকে হেফাজতে নেয় কেন্দ্রীয় তদন্তকারী সংস্থা। সেই থেকে প্রায় এক বছর ধরে জেলবন্দি সন্দেশখালির 'বেতাজ বাদশা'। এবার ২০১৯ সালের একটি খুনের মামলায় নাম জড়াল তাঁর।

আদালত সূত্রে জানা যাচ্ছে, সেই বছর সন্দেশখালির বুকে তিনটি খুনের ঘটনা ঘটেছিল। অভিযোগ ওঠে, শাহজাহানের মতো দুষ্কৃতীরা অভিযুক্ত থাকার কারণে পুলিশ কোনও পদক্ষেপ গ্রহণ করেনি। এবার এই মামলায় সিবিআই তদন্তের আবেদন জানান আবেদনকারী।

জানা যাচ্ছে, বিচারপতি জয় সেনগুপ্ত এই বিষয়ে রাজ্য ও মামলাকারীদের কাছে নির্দিষ্ট বেশ কিছু তথ্য চেয়েছেন। এবার তার ভিত্তিতে আগামী সপ্তাহে রায় দেবেন বিচারপতি। অনেকের মতে, এই মামলার ক্ষেত্রে যদি আদালতের তরফ থেকে নতুন করে সিবিআই তদন্তের নির্দেশ দেয় তাহলে শেখ শাহজাহানের চাপ আরও বাড়বে।

# দশমের পরীক্ষায় টোকাটুকি নিয়ে খণ্ডযুদ্ধ! পড়ুয়াদের সংঘর্ষে চলল গুলিও, মৃত এক ছাত্র, আহত দুই



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

পরীক্ষায় টোকাটুকি নিয়ে একদল পড়ুয়ার মধ্যে সংঘর্ষ। অভিযোগ, সেই সংঘর্ষের জেরে চালানো হয়েছে গুলিও। তা লেগে প্রাণ হারিয়েছে দশম শ্রেণির এক পরীক্ষার্থী। আহত হয়েছে আরও দু'জন। বিহারের সাসারামের ঘটনা। দেহ নিয়ে পথ অবরোধ করেন নিহত ছাত্রের আত্মীয় এবং স্থানীয়েরা। পুলিশের হস্তক্ষেপে শেষ পর্যন্ত উঠেছে অবরোধ।এ দিকে স্থানীয়েরা মৃত ছাত্রের দেহ নিয়ে বিহারের সাসারামে জাতীয় সড়ক অবরোধ করেছেন। তাঁদের দাবি, 'বিচার চাই'। শান্তিপূর্ণ এই অবরোধের কারণে রাস্তায় তীব্র যানজট তৈরি হয়। গুলি চালানোর ঘটনায় এখনও কাউকে আটক করেনি পুলিশ।

পুলিশ সূত্রে জানা গিয়েছে, ঘটনার সূত্রপাত বুধবার। অভিযোগ, পরীক্ষার সময় একদল পরীক্ষার্থীর টোকাটুকি করা নিয়ে ঝামেলা শুরু হয় পরীক্ষার হলে। বৃহস্পতিবারও ওই একই কারণে ঝগড়া হয় ওই পরীক্ষার্থীদের মধ্যে। তার জেরেই গুলি চালানো হয় বলে অভিযোগ। তাতেই মৃত্যু হয় এক ছাত্রের। বাকি দু'জন নারায়ণ হাসপাতালে ভর্তি।

পুলিশ সূত্রে জানা গিয়েছে, এক জনের পায়ে গুলি লেগেছে, অন্য জনের পিঠে। দু'জন যে হাসপাতালে ভর্তি, তার বাইরে রয়েছে কড়া প্রহরা। সেখানে সাধারণ মানুষের প্রবেশ নিয়ে কড়াকড়ি রয়েছে। এলাকায় উত্তেজনা এখনও স্তিমিত হয়নি। সে কারণে গোটা এলাকাতেই রয়েছে পুলিশ প্রহরা।

(১ম পাতার পর)

# 'খুন-আত্মহত্যা করতেই পারে না', ট্যাংরাকাণ্ডে দাবি দে পরিবারের ঝাড়ুদারের

করতে পারে বা দুই ভাই নিজেদের স্ত্রীকে খুন করতে পারেন, এমনটা হতেই পারে না। দে বাড়ির পরিচারক বাবলার এমন মন্তব্যে শুরু হয়েছে জোর তরজা।

বাবলার কথায়, দে পরিবার, আত্মহত্যা বা খুন করতেই পারে না...। একইসঙ্গে তিনি আরও জানান, পরের দিন বেল বাজালেও দরজা খোলেনি দে পরিবার।দরজা থেকে ফিরে যেতে হয়েছে তাঁকে। এরপরই দে বাড়ির ছেলে প্রণয় ফোন করে জানিয়েছিলেন 'আজকে কাজে আসতে হবে না, কালকে আসিস'! একই সঙ্গে তিনি বলেন, বাড়ির পুরোহিতকেও বলে দেওয়ার জন্যে। তিনিও যাতে কাজে না আসেন।গত ১৫ বছর ধরে দে বাড়িতে কাজ করে আসছেন বাবলা। বাবলা পেশায় হল দে বাড়ির ঝাড়ুদার। দে বাড়িতে কাজ করা কালীন কোন আর্থিক সমস্যায় পড়তে হয় নি তাঁকে বলে জানান তিনি। সবসময় মাইনে মাসের এক তারিখে দিয়ে দিতেন। তবে গত শেষ কয়েক মাস স্যালারি দিতেও দেরি করেছে। গত ১৫ বছরে নাকি এমনটা হয় নি। তিনি আরও জানান, বাড়িতে রান্নার লোক-সহ আরও বেশ কয়েকজন কর্মচারী রয়েছেন। প্রতিমাসে ঠিক টাইমে তাদের প্রত্যেকের মাইনে দিয়ে দিতেন। কোনও সমস্যা নিয়ে গেলে প্রচুর হেল্প করতেন। পুজোর সময়ও বাড়তি অর্থ দিতেন বাড়ির পরিচারক-পরিচারিকাদের।

বাবলা জোর গলায় বলে ওঠেন খুন বা আত্মহত্যাও করতে পারে না দে বাড়ির সদস্যরা। নিশ্চয়ই অন্য কোন কারণ আছে।

## সম্পাদকীয়

### বাংলাদেশে ফিকে ভাষা দিবস, এপারে 'বাঙালি অস্মিতা' মনে করিয়ে মমতার কণ্ঠে 'জয় বাংলা'

বদলের বাংলাদেশে ইতিহাস মোছার হিড়িক। বাঙালির জাতিসত্ত্বা বিস্মৃত করার আপ্রাণ চেষ্টায় ইউনুস সরকারের ইন্ধন স্পষ্ট। তারই প্রমাণ হয়ে রইল শুক্রবার, ২১ ফেব্রুয়ারি, আন্তর্জাতিক বাংলা ভাষা দিবস। এই দিনটিতে ঢাকার ভাষা শহিদ উদ্যানে সে দেশের রাষ্ট্রপতি শ্রদ্ধাজ্ঞাপন করলেও গেলেন না অন্তর্বর্তী সরকারের প্রধান মহম্মদ ইউনুস।প্রতি বছরের মতো এবারও দেশপ্রিয় পার্কের 'অমর একুশে' উদ্যানে পালিত হয়েছে আন্তর্জাতিক ভাষা দিবস। এবারের ভাষা দিবস উৎসর্গ করা হয়েছে 'বাংলায় গান গাই'-এর স্রষ্টা সদ্যপ্রয়াত সঙ্গীতকার প্রতুল মুখোপাধ্যায়কে। মঞ্চে তাঁর ছবিতে শ্রদ্ধাজ্ঞাপন করে, তাঁর বিখ্যাত গানটি গেয়ে শুরু হয় অনুষ্ঠান। মুখ্যমন্ত্রী বক্তব্য রাখতে উঠে প্রতুল মুখোপাধ্যায়ের জীবনের শেষ কয়েকদিনের কথা বলছিলেন। এরপরই ভাষা নিয়ে বলতে গিয়ে তাঁর গলায় আবেগ আর গর্জন যেন মিলেমিশে গেল। বললেন, ''ভাষা কারও একার কেনা নয়। সকলের কাছে সকলের মায়ের ভাষা প্রিয় হবেই। তা নিয়ে বাড়তি আবেগ থাকবে। আমরা এই দিনটাকে পালন করব না, তা তো হতেই পারে না। অন্য দেশের ব্যাপারে আমরা কিছু বলতে পারব না। আমরা আমাদের কথাই বলতে পারি।" এ থেকেই স্পষ্ট, তাঁর নিশানায় ইউনুসের বাংলাদেশ এবং সেখানকার সাংস্কৃতিক অবনমন।তাঁর এই অনুপস্থিতি নিয়ে তুমুল সমালোচনা শুরু হয়েছে। এবছর বাংলাদেশে ভাষা দিবস উদযাপনের ছবিটা বেশ আলাদা।

তবে এপার বাংলায় মাতৃভাষার প্রতি সম্মান জ্ঞাপনে আবেগের রইল অটুট। কলকাতায় দেশপ্রিয় পার্কে রাজ্য সরকারের ভাষা দিবসের অনুষ্ঠানে নাম না করেও বাংলাদেশের এই ভূমিকার সমালোচনা শোনা গেল মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের গলায়। অনুষ্ঠান শেষে তুললেন জোরাল স্লোগান – 'জয় বাংলা'। বোঝালেন বাংলার জোর, বাঙালির শক্তি।

# মায়ের আশীর্বাদ অসীম



মৃত্যুঞ্জয় সরদার
(প্রথমপর্ব)



যারা ভাবছে সবাইকে ক্ষতি করবে তাকে কিছু করতে পারবে না,এই ধারনা সম্পূর্ণ ভুল , ঈশ্বর তার প্রমান দেবে সময় মতো। হাজার ক্ষতি করতে চাইলেও ঈশ্বর সর্বদাই সৎ মানুষের সাথে থাকে তার প্রত্যক্ষ প্রমান আমি নিজে। আমি ঈশ্বর মানি আর নাই বা মানি সারা বিশ্বজুড়ে মায়ের প্রভাব বিস্তার লাভ করে রয়েছে এই ধরাধামে। ঈশ্বর ছাড়া এই পৃথিবীতে বাঁচার কোন রাস্তাই নেই, ঈশ্বরী পারে একটা মানুষকে যত যত যোগ্য স্থানে পৌঁছে দিতে। তবে রাজনৈতিক হিংসা মানুষকে যেভাবে নাস্তানাবুদ করে আর ঈশ্বর তার একের পর এক

**ক্রমশঃ**

**(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)**

(২ পাতার পর)

## ঝটিকা সফরে রাজ্যে অজিত দোভাল, গোয়েন্দাদের কড়া সতর্কতা জারি

করা হয়েছে রাজ্যে। রিপোর্ট বলছে, সম্প্রতি অসম এবং পশ্চিমবঙ্গ মিলিয়ে মোট ১৮ জন, মূলত বাংলাদেশি জঙ্গি সংগঠনের জঙ্গিকে গ্রেফতার করা হয়েছে। দোভালের আশঙ্কা, মাওবাদী সংগঠনের একাধিক নেতা পশ্চিমবঙ্গে আত্মগোপন করে রয়েছেন। যাতে কোনোভাবেই পাক গুপ্তচররা রাজ্যে গা ঢাকা দিয়ে না থাকতে পারে সেই লক্ষ্যে গোয়েন্দাদের আরও সতর্ক থাকতে নির্দেশ দিয়েছেন দোভাল।সূত্রের খবর, রাজ্যে উদ্বেগ বাড়াচ্ছে মাওবাদ। ইসলামিক জঙ্গি থেকে মাওবাদী-বাংলা নিয়ে চিন্তায় কেন্দ্র। একদিকে ইসলামিক জঙ্গি সংগঠন সহ পাক গুপ্তচর সংস্থা আইএসআই-র ক্রমাগত বাড়বাড়ন্ত, অন্যদিকে মাওবাদ। সবমিলিয়ে বাংলা নিয়ে উদ্বিগ্ন জাতীয় নিরাপত্তা উপদেষ্টা। এমনটাই তথ্য উঠে এসেছে গোয়েন্দা বৈঠক থেকে।

এই পরিস্থিতিতে দাঁড়িয়ে বিভিন্ন গোয়েন্দা সংস্থাকে দোভালের নির্দেশ, স্থানীয় স্তরে কিভাবে তাদের সংগঠনের বিস্তার ঘটছে, আর্থিক সাহায্য কিভাবে মিলছে এই সমস্ত বিষয়ে নজরদারি বাড়াতে হবে। বৈঠকের পাশাপাশি 'চিকেন নেক' সংলগ্ন অঞ্চল খতিয়ে দেখেন দোভাল। সূত্রের খবর, অনুপ্রবেশের ক্ষেত্রে সীমান্ত এলাকায় B S F এর গাফিলতির কথাও উঠে এসেছে হাইভোল্টেজ বৈঠক থেকে।

হাসিনা জমানার পর বাংলাদেশে এখনও অস্থির পরিস্থিতি বর্তমান। আনসারুল্লাহ বাংলা টিম, জামাতুল মুজাহিদিন-এর মতো জঙ্গি সংগঠনগুলোর দাপাদাপি ক্রমশ বাড়ছে এই রাজ্যে। সম্প্রতি রাজ্যে একাধিক জঙ্গিগোষ্ঠীর কার্যকলাপ সামনে এসেছে। উদ্ধার হয়েছে অত্যাধুনিক আগ্নেয়াস্ত্র, বোমা, গুলি।

## শিবরাত্রি ব্রতের ব্যাখ্যা করেন মহাদেব স্বয়ং



**-: মৃত্যুঞ্জয় সরদার :-**

স্কন্দ পুরাণ মতে, প্রদোষ ব্রত পালনের দুটি নিয়ম আছে। প্রথম নিয়ম অনুসারে, প্রদোষ ব্রত উজ্জাপিত হয় কঠোর নিয়মের মধ্য দিয়ে যেখানে দিবা রাত্রি (২৪ ঘণ্টা) জেগে থেকে আরাধনা করতে হয়। দ্বিতীয় রীতি অনুসারে, সূর্যোদয়ের মুহূর্ত থেকে সন্ধ্যা পর্যন্ত উপবাস করতে হয় অর্থাৎ, **ক্রমশঃ**


## • সতর্কীকরণ •

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

# আশা গোষ্ঠীগুলির ক্ষমতায়ন: মর্যাদার সঙ্গে কাজের অধিকার রক্ষা' এই বিষয়ে মহিলাদের মূল গোষ্ঠীকে নিয়ে এনএইচআরসি ইন্ডিয়ার বৈঠক

**নয়াদিল্লি, ২১ ফেব্রুয়ারি , ২০২৫**

'স্বীকৃত সামাজিক স্বাস্থ্যকর্মীসমূহ (আশা): মর্যাদার সঙ্গে কাজের অধিকার রক্ষা' এই বিষয়ে ভারতের জাতীয় ও মানবাধিকার কমিশন (এনএইচআরসি) নতুন দিল্লিতে তাদের ভবনে মহিলাদের মূল গোষ্ঠীকে নিয়ে মিশ্র মাধ্যমে এক বৈঠকের আয়োজন করে। বৈঠকে সভাপতিত্ব করেন সংস্থার চেয়ারপার্সন বিচারপতি শ্রী ভি রামাসুব্রহ্মনিয়ান। সংগঠনের অন্যান্য সদস্য বিচারপতি (ডঃ) বিদ্যুৎ রঞ্জন সারেঙ্গি, মহাসচিব শ্রী ভরত লাল, পদস্থ আধিকারিকবৃন্দ, বিশেষজ্ঞ মণ্ডলী এবং আশাগোষ্ঠীগুলির প্রতিনিধিরা উপস্থিত ছিলেন।

বিচারপতি শ্রী ভি রামাসুব্রহ্মনিয়ান বিগত ২০ বছর ধরে দেশের স্বাস্থ্য পরিষেবা ক্ষেত্রে আশাকর্মীদের উল্লেখযোগ্য অবদানের ওপর আলোকপাত করেন। নবজাতক এবং শিশু মৃত্যু হার উল্লেখযোগ্যভাবে হ্রাস পাওয়ায় আশাকর্মীদের গুরুত্বপূর্ণ অবদানের ওপর জোর দেন তিনি। তিনি বলেন, প্রথাগত শিক্ষা ছাড়াও প্রশিক্ষণের মাধ্যমে দক্ষ কর্মী হয়ে ওঠা যায়। সেইসঙ্গে তিনি বলেন, পাচ্ছে। আশা প্রকল্প তার এক ব্যতিক্রমী চিত্র বহন করে নিজেরাই এক উদাহরণ হয়ে উঠেছে। তিনি বলেন কাজের গুরুত্বের তুলনায় আশাকর্মীদের ভাতা কম। এটা নিতান্তই এক উপহাস যে যাঁদের অবদান সবথেকে বেশি তাঁদের নিজেদের প্রাপ্তিযোগ কম। প্রান্তিক বর্গের সেবাকর্মে যাঁরা নিরলস ব্যাপৃত তাঁরা নিজেরাই থেকে থেকে প্রান্তিক থেকে যাচ্ছেন।

বিচারপতি রামাসুব্রহ্মনিয়ান বলেন, জনস্বাস্থ্য এবং ন্যূনতম মজুরি নির্ধারণ রাজ্যের আওতাভুক্ত। জনসংখ্যা নিয়ন্ত্রণ এবং পরিবার পরিকল্পনার বিষয়টি যুগ্ম তালিকার অন্তর্ভুক্ত। ফলে আশাগোষ্ঠীগুলির উন্নতিকল্পে তাঁদের মজুরির দিকটি রাজ্য এবং কেন্দ্রীয় সরকার উভয়কে যৌথ সমন্বয়ের ভিত্তিতে বিচার বিবেচনা করতে হবে। আশাকর্মীদের জীবনধারণের মান এবং কাজের পরিস্থিতি উন্নতিসাধনে এক সুনির্দিষ্ট নীতি এবং কার্যকরী পদক্ষেপ গ্রহণ জরুরি বলে তিনি জানিয়েছেন।

এনএইচআরসি ইন্ডিয়ার সদস্য বিচারপতি তে গর্ভবতী মহিলা এবং শিশুদের স্বাস্থ্য সংক্রান্ত সমস্যার ক্ষেত্রে সর্বাগ্রে এগিয়ে আসেন আশাকর্মীরা। চিকিৎসকের সঙ্গে পরামর্শ তো পরে হয়। ফলে আশাকর্মীদের কাজের গুরুত্বের কথা বিবেচনা করে মর্যাদার সঙ্গে তাঁদের জীবনধারণ এবং কাজের অধিকারকে সুনিশ্চিত করতে তাঁদের যথাযথ অনুদান এবং পারিশ্রমিক দেওয়া দরকার।

বৈঠকের আলোচ্য বিষয়কে সামনে রেখে সংস্থার মহাসচিব শ্রী ভরত লাল তিনটি কারিগরি পর্বের বিষয় উত্থাপন করেন। এই তিনটি পর্বই আশাকর্মীদের কাজের সঙ্গে জড়িত সমস্যা, তাঁদের অধিকার রক্ষায় সরকারের ভূমিকা এবং আশাকর্মীদের মর্যাদার সঙ্গে কাজের অধিকার রক্ষার বিষয়ে। তিনি বলেন, সরকার মহিলাদের ক্ষমতায়নে নানান প্রকল্প নিয়ে এগিয়ে এসেছে। প্রাথমিক স্বাস্থ্য পরিষেবা ক্ষেত্রে আশাকর্মীদের গুরুত্বপূর্ণ ভূমিকার কথা মাথায় রেখে তাঁদের নিম্ন পারিশ্রমিক, তাঁদের ওপর কাজের চাপ এবং অপ্রতুল সহায়-সম্পদের বিষয়টি গুরুত্বের সঙ্গে বিবেচনা করা

এরপর ৬ পাতায়

# মহাকুম্ভে স্নান শুভেন্দুর, শাস্ত্রমতে ডুব হয়নি! সরস কটাক্ষ কুণালের



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

মহাকুম্ভে স্নান শুভেন্দু অধিকারীর। যা নিয়ে সরস মন্তব্য করলেন কুণাল ঘোষ। রাজ্যের বিরোধী দলনেতা বৃহস্পতিবার বিধানসভার অধিবেশন শেষ হতেই শুক্রবার সকালে প্রয়াগরাজে পৌঁছন। প্রয়াগরাজের ত্রিবেণী সঙ্গমে পুণ্যস্নান করার সৌভাগ্য হল বলে মন্তব্য করেছেন তিনি।তারপরই শুভেন্দুর উদ্দেশে কুণালের সরস কটাক্ষ, ''বিরোধী দলনেতা মহাকুম্ভে গিয়েছেন। কিন্তু ডুবটা পুরোটা দেননি। দু'পাশে দু'জনকে কোনওভাবে ধরে নাক টিপে কোনওভাবে মাথাটা ঝুঁকিয়েছেন। এটা কখনও শাস্ত্রমতে ডুব নয়। শাস্ত্রমতে ডুব মানে পুরো ডুব। জলস্তর আর মাথাটা তার এক বিন্দু নিচে থাকবে। এটা শাস্ত্র বলেছে। তাই আমি দাবি করছি প্রয়াগরাজে আরেকবার যাওয়া উচিত। পুরো মাথাটা ডোবাননি, এটা তো অর্ধেক ডোবা। কুম্ভকে আরও বড় অপমান।''শুভেন্দু বলেছেন, ''১৪৪ বছর পর গ্রহ নক্ষত্রের বিশেষ যোগ-এ অনুষ্ঠিত এই পবিত্র মহাকুম্ভে পুন্যস্নান আমার কাছে এক অনন্য উপলব্ধি, এক বিশেষ অনুভূতি যা ভাষায় বর্ণনা করা অসম্ভব।'' সেইসঙ্গে সোস্যাল মিডিয়ায় স্নানের ছবিও দেন।আর মহাকুম্ভে বিরোধী দলনেতার এই স্নান নিয়ে সাংবাদিকদের প্রশ্নের উত্তরে তৃণমূলের রাজ্য সাধারণ সম্পাদক হেসে বলেন, কেউ ডুব দিয়েছে, দিতেই পারে।


## আপাতকালীন পরিষেবা তালিকাসূচী

**Emergency Contacts**
Ambulance - 102
Ambulance (Bandhumahal Club) - 9735697689
Child Line – 112
Canning PS - 03218-255221
FIRE - 9064495235

**Contacts of Hospital, Nursing Home & Doctors**
Canning S.D Hospital - 03218-255352
Dipanjan Nursing Home - 03218-255691
Green View Nursing Home - 03218-255550
A.K.Moolal Nursing Home - 03218-315247
Binapani Nursing Home - 9732545652
Nazat Nursing Home, Taldi - 9143032199
Welcome Nursing Home - 9733593488
Dr. Bikash Sapui - 03218-255269
Dr. Biren Mondal - 03218-255247
Dr Arun Dulal Paul - 03218 - (Cham) 253219
(Re) 255548
Dr. Phani Bhusan Das - 03218 - 255364,
(Cham) 255264
Dr. A.K. Bhartacherjee - 03218-255518
Dr. Lokenath Sa - 03218-255660

**Administrative Contacts**
SP Office - 033-24330010
SDO Office - 03218-255340
SDPO Office - 03218-285398
BDO Office - 03218-255205

**Contacts of Railway Stations & Banks**
Canning Railway Station - 03218-255275
SBI (Canning Town) - 03218-255216,255218
PNB (Canning Town) - 03218-255231
Mahila Co-operative Bank - 03218-255134
WB State Co-operative - 03218-255239
Bandhan Bank - Mob. No. 7596012991
Axix Bank - 03218-255352
Bank of Boroda, Canning - 03218-257888
ICICI Bank, Canning - 03218-255206
HDFC Bank, Canning Hos. More - 9088107808
Bank of India, Canning - 03218 - 245091

## রাত্রিকালীন ঔষধ পরিষেবার তালিকাসূচী (ক্যানিং)

প্রতি মাসের এই তারিখে এই সমস্ত দোকান খোলা থাকবে

| | | | | | |
|---|---|---|---|---|---|
| 01 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি | 02 ভারত মেডিকেল হল | 03 সপ্না মেডিকেল হল | 04 ভারত মেডিক্যাল হল | 05 ঘোষ মেডিকেল | 06 ঔষধ ঘর |
| 07 আরোগ্য মেডিক্যাল | 08 মেডিকেয়ার ফার্মেসী | 09 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি | 10 জীবন জ্যোতি ফার্মেসী | 11 সিনহা মেডিকেল হল | 12 গোকুল ফার্মেসী |
| 13 ঔষধ ঘর | 14 সৌভিক ফার্মেসি | 15 নির্মলা মেডিকেল হল | 16 মাতৃ ফার্মেসী | 17 ইউনিক ফার্মেসী | 18 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি |
| 19 ঘোষ মেডিকেল | 20 সৌভিক ফার্মেসি | 21 আরোগ্য মেডিকেল | 22 মেডিকেয়ার ফার্মেসী | 23 শোভা মেডিকেল হল | 24 প্রমিলা মেডিকেল কর্নার |
| 25 সিনহা মেডিকেল হল | 26 ঘোষ মেডিকেল | 27 মাতৃ ফার্মেসী | 28 সৌভিক ফার্মেসি | 29 নির্মলা মেডিকেল হল | 30 মাতৃ ফার্মেসী |




# টেলিকম, কৃত্রিম মেধা এবং উদ্ভূত প্রযুক্তির মতো মূল ক্ষেত্রগুলিতে ব্রিটেনের সঙ্গে ভারতের সহযোগিতা প্রসার

**নয়াদিল্লি, ২১ ফেব্রুয়ারি , ২০২৫**

ব্রিটেনের বিজ্ঞান, উদ্ভাবন এবং প্রযুক্তি বিভাগ (ডিএসআইটি)-র সঙ্গে আলোচনার জন্য ভারতের টেলি যোগাযোগ সচিব ডঃ নীরজ মিত্তল ব্রিটেন সফর করেন। পরবর্তী প্রজন্মের টেলি যোগাযোগ, কৃত্রিম মেধা এবং মহাকাশ প্রযুক্তির মতো মূল ক্ষেত্রগুলিতে ভারত-ব্রিটেন সমন্বয়কে আরও শক্তিশালী করার সম্ভাবনার নানা দিক খতিয়ে দেখে সহযোগিতা গড়ে তোলা ছিল তাঁর ব্রিটেন সফরের মূল উদ্দেশ্য।

টেলি যোগাযোগ সচিব সেখানে জাতীয় বিজ্ঞান উপদেষ্টা ক্রিস জনসন এবং ডিএসআইটি-র জাতীয় কারিগরি উপদেষ্টা ডেভস স্মিথের সঙ্গে সাক্ষাৎ করেন। উদ্ভুত প্রযুক্তি ক্ষেত্র এবং ফাইভ-জি ও সিক্স-জি তে তাদের ব্যবহার সহ ডিজিটাল পরিকাঠামো সুরক্ষা ক্ষেত্র নিয়ে তাঁদের মধ্যে আলোচনা হয়।

সেখানে তিনি স্কটল্যান্ড সরকারের ডিজিটাল মহানির্দেশনালয়ের অধিকর্তা জিওফ হাগিন্স-এর সঙ্গে বৈঠক করেন। টেলি যোগাযোগের মাধ্যমে ডিজিটাল রূপান্তর, টেলিকম সুরক্ষা এবং উদ্ভূত টেলিকম প্রযুক্তি ক্ষেত্রে সহযোগিতামূলক পদক্ষেপ নিয়ে তাঁদের মধ্যে আলোচনা হয়েছে।

ব্রিটেনের ৬টি ফেডারেটেড টেলিকম হাব (এফটিএইচ)-এর একটিতে টেলি যোগাযোগ সচিব পরিদর্শন করেন। এই হাবটি ক্লাউড অ্যান্ড ডিস্ট্রিবিউটেড কম্পিউটিং (সিএইচইডিডিএআর)-এর গবেষণায় বিশিষ্টতা অর্জন করেছে। এখানে সিক্স-জি ক্লাউড, কৃত্রিম মেধা এবং গ্রিন সিক্স-জি নিয়ে উন্নত আধুনিক মানের গবেষণা হচ্ছে।

টেলি যোগাযোগ সচিব অ্যালেন তুরিং ইন্সটিটিউটের সিইও জাঁ ইনেসের সঙ্গেও বৈঠক করেন। টেলিকম সুরক্ষায় কৃত্রিম মেধা, নৈতিক কৃত্রিম মেধা, কৃত্রিম মেধার উদ্ভাবনের প্রসার এবং স্টার্টআপ পরিমণ্ডল নিয়ে তাঁদের মধ্যে আলোচনা হয়েছে। তিনি স্কটল্যান্ডে স্ট্রাথক্লাইড বিশ্ববিদ্যালয়ে ফাইভ-জি সেন্টার পরিদর্শন করেন এবং গ্লাসগো-র জেমস ওয়াট স্কুল অফ ইঞ্জিনিয়ারিং-এ সিক্স-জি গবেষণা কেন্দ্রটিও ঘুরে দেখেন।

টেলি যোগাযোগকে মূল অগ্রাধিকারের ক্ষেত্র হিসেবে নির্দিষ্ট করে ব্রিটেন-ভারত প্রযুক্তি সুরক্ষা উদ্যোগ (পিএসআই)-এর শক্ত ভিত গড়ে তুলতে ব্রিটেনের ডিএসআইটির মূল অংশীদারদের সঙ্গে একটি গোলটেবিল বৈঠকের আয়োজন করা হয়। বিটি, এরিকসন, সোনিক ল্যাবস, ইউকে টেলিকম ল্যাবস, টাইটান, জয়েনার এবং ব্রিটেনের মহাকাশ সংস্থার প্রতিনিধিরা, ইউরোপীয় মহাকাশ সংস্থা এবং ইউকে টেকনোলজি ইনোভেশন নেটওয়ার্কের প্রতিনিধিরা বৈঠকে উপস্থিত ছিলেন। গোলটেবিল বৈঠকটি ইউকেটিআইএন-এর সঙ্গে যৌথ সহযোগিতায় ভারতীয় হাই কমিশন আয়োজন করে । ডঃ নীরজ মিত্তাল টেলি যোগাযোগ ক্ষেত্রে ভারতের নেতৃত্বের বিষয়কে তুলে ধরেন। সেইসঙ্গে দেশ পরবর্তী প্রজন্মের নেটওয়ার্ক প্রযুক্তির দিকেও এগিয়ে যাচ্ছে বলে উল্লেখ করেন।

গোলটেবিল বৈঠকের পর সোনিক ল্যাবস এবং সেন্টার ফর ডেভেলপমেন্ট অফ টেলিম্যাটিক্স (সিডিওটি)-র মধ্যে একটি সমঝোতাপত্র স্বাক্ষরিত হয়। চুক্তির অন্তর্ভুক্ত বিষয়গুলি হল, ওপেন আরএএন সংক্রান্ত নীতি এবং কারিগরি বিষয় সহ ফাইভ-জি ওপেন আরএএন এবং ফোর-জি/ফাইভ জি-তে কৃত্রিম মেধা।

ব্রিটেনের টেলিকম পরিমণ্ডলে মূল অংশীদারদের সঙ্গে আলোচনায় সহযোগিতার যে সমস্ত দিকগুলি চিহ্নিত হয়েছে তা হল, টেলি যোগাযোগ ক্ষেত্রে সাইবার সুরক্ষা, কৃত্রিম মেধা এবং ডিজিটাল টুইন্স নিয়ে যৌথ উৎকর্ষকেন্দ্র গড়ে তোলা, পরিকাঠামো পরিকল্পনার ক্ষেত্রে মোবাইল ডেটার উদ্দেশ্য সাধনে ব্রিটিশ টেলিকম সংস্থাগুলির সঙ্গে সমন্বয়মূলক উদ্যোগ গড়ে তোলা। এক্ষেত্রে মেট্রো রুট পরিকল্পনায় এই ডেটা ব্যবহারে ভারতের সাফল্য পথ নির্দেশিক হবে। এছাড়াও আইটিইউ ক্ষেত্রে যৌথ অবদান, নতুন পরীক্ষাগার গড়ে তুলতে পারস্পরিক স্বীকৃতি প্রদান প্রভৃতি বিষয় অন্তর্ভুক্ত হয়েছে।

এই সফরের মধ্যে দিয়ে টেলি যোগাযোগে উদ্ভাবনী দিকের প্রসার এবং ডিজিটাল পরিকাঠামো প্রসারে ভারত-ব্রিটেন পারস্পরিক দায়বদ্ধতা, পরবর্তী প্রজন্মের উন্নত টেলি যোগাযোগ ব্যবস্থার পথও নির্দেশিত হয়েছে। ডিজিটাল অন্তর্ভুক্তিমূলক ভবিষ্যৎ গড়ে তুলতে আন্তর্জাতিক সহযোগিতাকে শক্তিশালী করে তোলা এবং কৃত্রিম মেধা চালিত উদ্ভাবনের প্রসারে বিশ্ব টেলিকম নীতি নির্ধারণে ভারতের সদর্থকমূলক মানসিকতা এর মধ্যে দিয়ে প্রতিফলিত হয়েছে।

(৫ পাতার পর)

# আশা গোষ্ঠীগুলির ক্ষমতায়ন: মর্যাদার সঙ্গে কাজের অধিকার রক্ষা' এই বিষয়ে মহিলাদের মূল গোষ্ঠীকে নিয়ে এনএইচআরসি ইন্ডিয়ার বৈঠক

দরকার। প্রথম সারির কর্মী হিসেবে কোভিড-১৯ অতিমারির সময় আশাকর্মীদের ভূমিকা দৃষ্টান্ত হয়ে রয়েছে। বিশ্ব স্বাস্থ্য সংস্থা-ডব্লুএইচও তা স্বীকার করেছে।

অন্য অনেকেই এই আলোচনায় যোগ দেন। আশাকর্মীদের বিষয়ে যেসব গুরুত্বপূর্ণ প্রস্তাব উঠে এসেছে তা হল, তাদের প্রাথমিক কর্মীর মর্যাদাদান সেইসঙ্গে তাঁদের মাসিক বেতন বেঁধে দেওয়া, তাঁদের সামাজিক সুরক্ষা, পেনশন এবং সবেতন ছুটি প্রভৃতি গুরুত্বের সঙ্গে বিচার-বিবেচনা করা। সমস্ত রাজ্য জুড়েই তাঁদের ভাতাগত একটা সমন্বয় বিধান করা এবং ন্যূনতম মজুরি সংক্রান্ত নিয়মবিধি চালু করা। তাদের জন্য স্বাস্থ্য বিমা, মাতৃত্বকালীন সুবিধা এবং দুর্ঘটনা জনিত সুযোগ সুবিধা দেওয়ার বিষয়টি উঠে এসেছে। সেইসঙ্গে তাঁদের পরিবহণ খরচ, কর্মক্ষেত্রে তাঁদের বিশ্রামের সুযোগ এবং ব্যক্তিগত সুরক্ষা সহায়ক সরঞ্জাম বিনামূল্যে দেওয়া। কোনরকম হিংসাশ্রয়ী ঘটনার তাঁরা যাতে শিকার না হন এবং সমস্ত এলাকাতেই আশাকর্মীদের নিরাপদ কাজের পরিস্থিতি তৈরির কথা বলা হয়েছে। আরও নানা বিষয়ের সঙ্গে স্বাস্থ্য পরিষেবা ক্ষেত্রে সরকারি-বেসরকারি যৌথ সহযোগিতায় আশাকর্মীদের জন্য উপযুক্ত কর্ম সম্ভাবনার বাতাবরণ গড়ে তোলার কথাও বলা হয়।

কমিশনের তরফে বলা হয়েছে আশাকর্মীদের সামগ্রিক উন্নতিকল্পে আগামীদিনে আরও নানা প্রস্তাব নিয়ে আলোচনা হবে।

# ভিয়েতনামের ক্যাম রন উপসাগরে পৌঁছল ভারতীয় নৌ-সেনার প্রথম প্রশিক্ষণ স্কোয়াড্রন



**নয়াদিল্লি, ২১ ফেব্রুয়ারি, ২০২৫**

বন্ধুত্বের সেতুবন্ধনের পাশাপাশি, তরুণ নৌ-সেনা কর্মীদের প্রশিক্ষণের লক্ষ্যে ২০ ফেব্রুয়ারি, ২০২৫ তারিখে ভিয়েতনামের ক্যাম রন উপসাগরে পৌঁছল ভারতীয় নৌ-বাহিনীর প্রথম ট্রেনিং স্কোয়াড্রন – আইএনএস তীর এবং আইসিজিএস বীরা। সেখানে ভারতীয় নৌ-সেনা কর্মীদের উষ্ণ অভ্যর্থনা জানায় ভিয়েতনাম পিপলস নেভি এবং ওই দেশে নিযুক্ত ভারতীয় দূতাবাসের সদস্যরা।

সফরকালে ভিয়েতনাম নৌ অ্যাকাডেমি পরিদর্শন করবেন ভারতীয় নৌ-বাহিনীর সদস্যরা। ভিয়েতনাম পিপলস নেভি এবং উপকূল রক্ষী বাহিনীর যৌথ মহড়ার মাধ্যমে এই সফরের সমাপ্তি ঘটবে। ভারত ও ভিয়েতনামের মধ্যে সর্বাত্মক কৌশলগত অংশীদারিত্ব রয়েছে, ২০২৪ সালের অগাস্ট মাসে ভিয়েতনামের প্রধানমন্ত্রীর ভারত সফরের মাধ্যমে তা আরও শক্তিশালী হয়েছে।

# সিনেমার খবর

## বিজেপি ভারতের ফিল্ম ইন্ডাস্ট্রিকে হত্যা করার চেষ্টা করছে : জয়া



স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন

ভারতের বর্তমান বিজেপি সরকার ফিল্ম ইন্ডাস্ট্রিকে ধ্বংস করার চেষ্টা করছে বলে মন্তব্য করেছেন বলিউড অভিনেত্রী ও ভারতের সমাজবাদী পার্টির সংসদ সদস্য জয়া বচ্চন। মোদি সরকারের চলতি বছরের বাজেট নিয়ে রাজ্য সভায় এসব কথা বলেন অমিতাভ ঘরণী।

জয়া বচ্চন বলেন, 'আপনারা একটি শিল্পকে সম্পূর্ণরূপে উপেক্ষা করছেন। অন্যান্য সরকারও একই কাজ করেছে। আপনারা আজ এটাকে অন্য এক পর্যায়ে নিয়ে গিয়েছেন। আপনারা সিনেমা এবং বিনোদন শিল্পকে সম্পূর্ণরূপে উপেক্ষা করেছেন। কারণ আপনারা শুধুই নিজের উদ্দেশ্য পূরণের জন্য এগুলো ব্যবহার করেন।'

ভারতের বর্তমান সরকার ফিল্ম ইন্ডাস্ট্রিকে ধ্বংস করতে চায়। এ তথ্য উল্লেখ করে জয়া বচ্চন বলেন, 'এবার জিএসটি বাদ দিন, সমস্ত সিঙ্গেল স্ক্রিন (থিয়েটার) বন্ধ হয়ে যাচ্ছে। মানুষ সিনেমা হলে যাচ্ছেন না। কারণ সবকিছু অনেক ব্যয়বহুল হয়ে গিয়েছে। আপনি হয়ত এই শিল্পকে সম্পূর্ণরূপে ধ্বংস করতে চান। তবে এটাই একমাত্র শিল্প যা সমগ্র বিশ্বকে ভারতের সঙ্গে সংযুক্ত করে।'

সরকারকে সিনেমা শিল্পের প্রতি দয়া করার অনুরোধ জানিয়ে জয়া বচ্চন বলেন, 'আমি আমার ফিল্ম ইন্ডাস্ট্রির পক্ষ থেকে বলছি, অডিও-ভিজ্যুয়াল শিল্পের পক্ষ থেকে এই সংসদের কাছে অনুরোধ করছি যে, অনুগ্রহ করে ওদের প্রতি দয়া করুন। ওদের উপর এই বোঝা চাপাবেন না। আপনি এই শিল্পকে হত্যা করার চেষ্টা করছেন। দয়া করে এটি করবেন না। এখন থেকে আপনি সিনেমাকেও টার্গেট করেছেন।'

ফিল্ম ইন্ডাস্ট্রির চ্যালেঞ্জিং পরিস্থিতি তুলে ধরে কেন্দ্রীয় অর্থমন্ত্রীর উদ্দেশ্যে জয়া বচ্চন বলেন, 'আমি অর্থমন্ত্রীকে অনুরোধ করছি, এই শিল্পকে টিকিয়ে রাখার জন্য কিছু একটা করুন; দয়া করে কিছু ব্যবস্থা নিন।'

উল্লেখ্য, সিনেমা হলের পরিষেবা, সিনেমাটোগ্রাফি, টিকিটের উপর জিএসটি বসিয়েছে সরকার। তা ছাড়া সিনেমা হলে বিক্রিত খাবার ও পানীয়র উপরও জিএসটি বসানো হয়েছে। এরপরই বিষয়টি নিয়ে সুর চড়ালেন জয়া বচ্চন।


## মালাইকার নাম শুনেই হতবাক অর্জুন!

স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন

বলিউড অভিনেতা অর্জুন কাপুর, ভূমি পেডনেকার এবং রকুল প্রীত সিংকে একটি সিনেমার প্রমোশনে একসঙ্গে দেখা যায়। যেখানে ভিড়ের মধ্যে থেকে হঠাৎ ভেসে আসে মালাইকার নাম। এমন অদ্ভুত ঘটনায় অবাক মঞ্চে উপস্থিত তারকারাও।

ভারতীয় গণমাধ্যমের এক প্রতিবেদনে বলা হয়, ভূমি, অর্জুন এবং রকুল মঞ্চে দাঁড়িয়ে ছিলেন। ঠিক তখনই ভিড়ের মধ্যে থেকে কেউ জোরে চিৎকার করে বলে ওঠেন মালাইকা। নামটা শুনে এক মুহূর্তের জন্য হতবাক হয়ে যান অর্জুন।

তারপর রকুল প্রীতও অর্জুনের দিকে তাকিয়ে হাসতে শুরু করেন। তবে



অর্জুন নিজেকে সামলে নেন। এমন একটা অভিব্যক্তি তার, যেন কিছু শুনতেই পারছেন না। এ ঘটনার একটি ভিডিও সামাজিক যোগাযোগ মাধ্যমে ভাইরাল হয়েছে।

অর্জুন কাপুরের এই ভিডিওটি সামাজিক যোগাযোগ মাধ্যমে ভাইরাল হওয়ার সঙ্গে সঙ্গে ভক্তদের কাছ থেকেও একের পর মজার কমেন্ট আসতে থাকে। কেউ লিখেছেন, 'রকুল প্রীতের মুখের দিকে তাকান, দেখুন কেমন মুচকি হাসছেন।' কারও প্রশ্ন, 'অর্জুন কেন কোনও প্রতিক্রিয়া জানাচ্ছেন না?'

প্রসঙ্গত, মালাইকা এবং অর্জুন ২০১৮ সালে ডেটিং শুরু করেছিলেন। যদিও তারা কখনও সম্পর্ক নিয়ে খোলাখুলি কথা বলেননি। তবে সোশ্যাল মিডিয়ায় একসঙ্গে ছবি দেখে সকলেই বুঝতে পারতেন তাদের মধ্যে সম্পর্ক কতটা গভীর।

প্রায়ই একসঙ্গে ছুটি কাটাতেন এবং একে অপরের জন্মদিনও পালন করতেন। তাদের প্রেমের বেশ কিছু ঝলক সবসময়ই ভক্তদের মধ্যে আলোচনার বিষয় হয়ে দাঁড়িয়েছে।

## ঝগড়া নেই, তবুও অজয় কথা বলেন না; কেন বললেন অনুভব সিনহা?



স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন

'আর্টিকেল ফিফটিন' খ্যাত পরিচালক অনুভব সিনহা। ২০০৭ সালে অনুভব পরিচালিত 'ক্যাশ' ছবিতে গুরুত্বপূর্ণ ভূমিকায় অভিনয় করেছিলেন অজয় দেবগন। এটিই ছিল তাদের শেষ ছবি। যেখানে দু'জন একসঙ্গে কাজ করেছিলেন।

ভারতীয় গণমাধ্যমের এক প্রতিবেদনে বলা হয়, দীর্ঘ ১৮ বছর থেকে অনুভবের সঙ্গে কথা বলেন না অজয়। একটি সাক্ষাৎকারে সম্প্রতি পরিচালক জানিয়েছেন, গত ১৮ বছর ধরে তারা একে অপরের সঙ্গে কথা বলেননি।

সাক্ষাৎকারে অনুভব সিনহা বলেন, 'কোনও ঝগড়া নেই, তবুও অজয় আমার সঙ্গে কথা বলেন না। আমি যোগাযোগ করার জন্য তাকে দুই-তিনবার মেসেজ দিয়েছি কিন্তু কোনও উত্তর পাইনি।'

পরিচালকের কথায়, 'আমি নিজেকে বুঝিয়েছি যে হয়ত তিনি আমার মেসেজ দেখেননি। আমাদের ১৮ বছর থেকে কোনো কথা হয়নি।' অনুভব অবশ্য অজয়কে তার প্রিয় মানুষদের একজন বলেই অভিহিত করেছেন।

অনুভবের ভাষ্য, একজন অভিনেতা এবং একজন মানুষ হিসেবেও তিনি সবসময় অজয়কে পছন্দ করেন। কোনও বন্ধু বিপদে পড়েছে এই খবর পেলে সবার আগে সাহায্যের হাত বাড়িয়ে দেন অজয়।

# চ্যাম্পিয়ন্স ট্রফির দলে পাঁচ পরিবর্তন আনল অস্ট্রেলিয়া

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**




চ্যাম্পিয়ন্স ট্রফির আগে অস্ট্রেলিয়া দলে বিপর্যয়ের শেষ নেই। চোটের কারণে এই বিশ্ব আসরে খেলা হচ্ছে না তারকা অলরাউন্ডার মিচেল মার্শের। আরেকদিকে আকস্মিকভাবে অবসরের ঘোষণা দিয়েছেন আরেক অলরাউন্ডার মার্কাস স্টয়নিস। জশ হ্যাজেলউড, প্যাট কামিন্সও দলে থাকছেন না। এই দুজন যে থাকছেন তা, এটা অবশ্য আগেই জানিয়ে রেখেছিল ক্রিকেট অস্ট্রেলিয়া।

চ্যাম্পিয়ন্স ট্রফি শুরুর বাকি আছে আর মাত্র এক সপ্তাহ। একেবারে শেষ সময়ে এসে নিজেকে সরিয়ে নিলেন পেসার মিচেল স্টার্কও। ব্যক্তিগত কারণ দেখিয়ে নিজেকে সরিয়ে নিয়েছেন এই তারকা পেসার। অর্থাৎ, হ্যাজেলউড, প্যাট কামিন্স ও স্টার্ক; পেস আক্রমণে চ্যাম্পিয়ন্স ট্রফির দলে এদের কাউকেই পাচ্ছে না অস্ট্রেলিয়া।

তাই এক প্রকার বাধ্য হয়েই একেবারে শেষ সময়ে এসে নিজেদের স্কোয়াডে পরিবর্তন এনেছে অজিরা। কামিন্স না থাকায় অধিনায়কের দায়িত্ব পাচ্ছেন স্টিভেন স্মিথ। এছাড়া দলে আনা হয়েছে পাঁচ পরিবর্তন। দলে ডাক পেয়েছেন তানভীর সঙ্ঘ, স্পেন্সার জনসন, জ্যাক ফ্রেজার-ম্যাকগার্ক, শন অ্যাবট ও বেন ডারউইস।

আজ বুধবার থেকে শ্রীলঙ্কার বিপক্ষে ওয়ানডে সিরিজে মাঠে নেমেছে অস্ট্রেলিয়া। সেখানে অস্ট্রেলিয়ার অধিনায়কত্ব করছেন স্টিভেন স্মিথ।

চ্যাম্পিয়ন্স ট্রফিতে অস্ট্রেলিয়ার প্রথম ম্যাচ আগামী ২২ ফেব্রুয়ারি ইংল্যান্ডের বিপক্ষে। পরের দুই ম্যাচ ২৫ ও ২৮ ফেব্রুয়ারি। যথাক্রমে দক্ষিণ আফ্রিকা এবং আফগানিস্তানের বিপক্ষে।

চ্যাম্পিয়ন্স ট্রফিতে অস্ট্রেলিয়ার পূর্ণাঙ্গ স্কোয়াড : স্টিভেন স্মিথ (অধিনায়ক), অ্যালেক্স ক্যারি, নাথান এলিস, অ্যারন হার্ডি, ট্রাভিস হেড, জশ ইংলিস, মারনাস লাবুশেন, গ্লেন ম্যাক্সওয়েল, ম্যাট শর্ট, শন অ্যাবট, বেন ডারউইস, জ্যাক ফ্রেজার-ম্যাকগার্ক, স্পেন্সার জনসন, তানভীর সঙ্ঘ ও অ্যাডাম জাম্পা।

## রিকেলটনের সেঞ্চুরিতে আফগানদের গুঁড়িয়ে দিল দক্ষিণ আফ্রিকা



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

রায়ান রিকেলটনের প্রথম ওয়ানডে সেঞ্চুরির পাশাপাশি দক্ষিণ আফ্রিকার তিনজন করলেন ফিফটি। এতে বড় পুঁজি মিলল তাদের। রান তাড়ায় আফগানিস্তানের রহমত শাহ লড়াই করলেও পেলেন না কোনো সঙ্গী। আর কেউ যেতে পারলেন না বিশের ঘরেও। আফগানদের উড়িয়ে আইসিসি চ্যাম্পিয়ন্স ট্রফিতে দারুণ শুরু পেল প্রোটিয়ারা।

শুক্রবার করাচির জাতীয় স্টেডিয়ামে 'বি' গ্রুপের ম্যাচে ১০৭ রানের বড় জয় পেয়েছে দক্ষিণ আফ্রিকা। টস জিতে আগে ব্যাট করতে নেমে ৬ উইকেটে ৩১৫ রান তোলে তারা। জবাবে ৪৩.৩ ওভারে আফগানিস্তান গুটিয়ে যায় ২০৮ রানে। চ্যাম্পিয়ন্স ট্রফিতে অভিষিক্ত দলটির এটি ছিল প্রথম ম্যাচ।

ম্যাচসেরার পুরস্কার জেতেন ১০৩ রানের ঝলমলে ইনিংস খেলা ওপেনার রিকেলটন। ১০৬ বল মোকাবিলায় তার ব্যাট থেকে আসে সাতটি চার ও একটি ছক্কা। প্রোটিয়া অধিনায়ক টেম্বা বাভুমা করেন ৭৬ বলে ৫৮ রান। রাসি ফন ডার ডাসেনের ব্যাট থেকে আসে ৪৬ বলে ৫২ রানের আক্রমণাত্মক ইনিংস। শেষদিকে ঝড় তুলে ৩৬ বলে ৫২ রানে অপরাজিত থাকেন এইডেন মার্করাম।

আফগানদের পক্ষে সর্বোচ্চ ৯০ রান আসে চারে নামা রহমতের ব্যাট থেকে। শেষ ব্যাটার হিসেবে আউট হওয়ার আগে ৯২ বলে নয়টি চার ও একটি ছক্কা হাঁকান তিনি। তাকে সাজঘরে পাঠানো কাগিসো রাবাদা ম্যাচে ছিলেন দক্ষিণ আফ্রিকার সফলতম বোলার। ডানহাতি পেসার ৩ উইকেট শিকার করেন ৩৬ রানে। অন্য দুই পেসার লুঙ্গি এনগিডি ও ভিয়ান মুল্ডার নেন দুটি করে উইকেট।

## এবার দক্ষিণ আফ্রিকার আইসিসি ট্রফি খরা কাটবে : স্মিথ



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

ক্রিকেট দুনিয়ায় দক্ষিণ আফ্রিকার বেশ পরিচিত একটা নাম 'চোকার্স'। গত বছরও দলটি টি-টোয়েন্টি বিশ্বকাপের ফাইনালে গিয়েও হেরেছে ভারতের কাছে। এর আগেও অনেকবার আইসিসির টুর্নামেন্টগুলোতে সেমিফাইনালে গিয়েই বাদ পড়েছে তারা। তবে এই বছরে চ্যাম্পিয়ন্স ট্রফি ও টেস্ট চ্যাম্পিয়নশিপের ফাইনাল দিয়ে সেই খরা কাটবে বলে আশাবাদী দেশটির সাবেক অধিনায়ক গ্রায়েম স্মিথ।

আগামী জুনে লর্ডসে টেস্ট চ্যাম্পিয়নশিপের ফাইনালে দক্ষিণ আফ্রিকা খেলবে অস্ট্রেলিয়ার বিপক্ষে। এর আগে চ্যাম্পিয়ন্স ট্রফির খেলা। আসন্ন এ দুই টুর্নামেন্ট দিয়েই প্রোটিয়াদের আইসিসি শিরোপা খরা কাটবে বলে মনে করেন দেশটির সাবেক ক্রিকেটার গ্রায়েম স্মিথ।

এসএ টোয়েন্টির কমিশনার স্মিথ পিটিআইকে দেয়া এক সাক্ষাৎকারে বলেন, 'আশা করি, ২০২৭ বিশ্বকাপের আগেই আমরা অনেক অপেক্ষার অবসান ঘটাব চ্যাম্পিয়ন্স ট্রফি ও টেস্ট চ্যাম্পিয়নশিপের ফাইনাল দিয়ে। তবে দক্ষিণ আফ্রিকা যদি ঘরের মাঠে দর্শকদের সামনে বিশ্বকাপ জিততে পারে, তাহলে সেটা হবে দারুণ ব্যাপার।'

২০২৭ বিশ্বকাপের জন্য এখনই দেশটি প্রস্তুত হচ্ছে জানিয়ে স্মিথ বলেন, 'আগামী তিন বছর আমাদের স্টেডিয়াম, পিচ এবং আমাদের ক্রিকেট ইকোসিস্টেম উন্নত করার জন্য প্রচেষ্টা চালিয়ে যেতে চাই আমরা, যাতে ২০২৭ বিশ্বকাপ আয়োজনের সময় আমরাই ফেবারিট থাকি।'

আগামী ২১ ফেব্রুয়ারি করাচিতে আফগানিস্তানের বিপক্ষে লড়াই দিয়ে দক্ষিণ আফ্রিকার চ্যাম্পিয়ন্স ট্রফি অভিযান শুরু হবে।

● স্বত্বাধিকারী, প্রকাশক, মুদ্রক : মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৬বি, নবীন কুন্ডু লেন, কলেজ রো, কলেজ স্ট্রীট, কলকাতা-৭০০০০৯ এবং ১৯ডি, জামির লেন, কলকাতা-৭০০০১৯ থেকে ডিজিটাল মুদ্রিত ● সম্পাদক : মৃত্যুঞ্জয় সরদার, ফোন : ৯৫৬৪৩৮২০৩১
● Printed, Published, Owned by MRITYUNJOY SARDAR ● Printed by Queen Press - Hedia, P.O . : Uttar Moukhali,P.S. : Jibantala, Dist. : South 24 Parganas, Pin : 743329
and Published at 19D, Jamir Lane, Kolkata- 700019 & 16 B, Nabin Kundu Lane, College Row, College Street, Kolkata -700009 ● Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR